

প্রোজেক্টের নাম: SAFE AND SAVE HOUSE.

প্রোজেক্টের বিবরণ:

১.ভূমিকম্প এলার্ম:

বর্তমান সময়ে বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে! আমাদের দেশে বড় কোন ভূমিকম্প না হাওয়াই আমাদের ভূমিকম্প মোকাবেলায় প্রস্তুতি অনেক কম। এর ফলে হঠাৎ করে ভূমিকম্প সংঘটিত হলে আমরা বুঝে উঠতে পারিনা আমাদের কি করা উচিত! এতে করে আমাদের জান ও মাল উভয়ই ঝুঁকির মধ্যে থাকে যায়। এই জন্য আমরা একটি ডিভাইস তৈরি করেছি যার মাধ্যমে যেকোন সময় ভূমিকম্প হওয়ার সাথে সাথে আমরা সতর্ক এলার্ম পেয়ে যাব। যার ফলে আমরা তাড়াতাড়ি সতর্ক হতে পারব এবং বিপদজনক স্থান থেকে আমরা দূরে সরে যেতে পারবো যার ফলে আমরা অন্তত নিজেদের জীবন বাঁচাতে পারবো।

২.ফায়ার এলার্ম :

আমরা দেখেছি যে ঢাকাসহ আমাদের দেশে বিভিন্ন স্থানে অগ্নি-দুর্ঘটনা হচ্ছে এর ফলে অনেক সমস্যার সৃষ্টি হচ্ছে, ঘরবাড়ি পুড়ে যাচ্ছে, মানুষ পুড়ে মারা যাচ্ছে, আরো বিভিন্ন সমস্যা হচ্ছে। এসব দুর্ঘটনা কমিয়ে আনার জন্য আমরা একটি ছোট ডিভাইস তৈরি করেছি যার নাম ফায়ার এলার্ম। আমাদের বাসায় যখন আগুন লাগবে তখন এই ডিভাইস টি আমাদের সতর্ক করে দেবে এতে আমরা আগুনের ক্ষতি থেকে রক্ষা পাবো।

৩.ধোঁয়া শোষণকারী:

বাংলাদেশ একটি জনবহুল দেশ। অধিক জনসংখ্যার এবং কলকারখানার কারণে পরিবেশে বিষাক্ত ধোঁয়া ও ধূলাবালি মিশে পরিবেশ দূষণ করে এতে করে আমাদের অনেক সমস্যা হয়ে থাকে যেমন শ্বাসকষ্ট। এই সমস্যা কমিয়ে আনার জন্য আমরা একটি ডিভাইস তৈরি করেছি যার নাম ধোঁয়া শোষণকারী যন্ত্র। এই যন্ত্রটি আমাদের

ঘর বাড়ির ভেতর থেকে দূষিত ধোঁয়া এবং ধূলাবালি শোষণ করে নিয়ে তুলনামূলক পরিষ্কার ও স্বচ্ছ বায়ু বের করে দেবে এতে করে আমাদের পরিবেশ বায়ু দূষণ থেকে কিছুটা রক্ষা পাবে। এতে করে আমরা সুন্দর পরিবেশ ভোগ করব।

৪. অটোমেটিক ওয়াটার লেভেল কন্ট্রোলার:

বর্তমান সময়ে আমাদের দেশে বিদ্যুৎ বিভিন্ন ভাবে অপচয় থাকে তার মধ্যে অন্যতম পানির পাম্প এর মাধ্যমে বিদ্যুৎ অপচয়। আমরা বিদ্যুৎ এর ব্যবহার করে মোটর এর সাহায্যে পানি উত্তোলন করি। আমরা বিভিন্ন সময় পানির পাম্পের সুইচ অন করার পর অফ করতে ভুলে যাই। এতে করে পানির টাংকি পূর্ণ হয়ে যাওয়ার পরও পাম্প চলতে থাকে। এতে করে আমাদের বিদ্যুৎ অপচয় হয় এবং পানির অপচয় হয়। ফলে আমাদের সমাজ ও রাষ্ট্র উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে। এর থেকে বাঁচার জন্য আমরা একটি নতুন ডিভাইস তৈরি করেছি যার সাহায্যে পানির টাংকি পানি পরিপূর্ণ হওয়ার সাথে সাথে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পাম্প বন্ধ হয়ে যাবে এতে করে আমরা বিদ্যুৎ ও পানির অপচয় রোধ করতে পারব।

খরচ:

আমাদের বাড়ি সাধারণভাবে নিরাপদ রাখতে আমরা উপরোক্ত ডিভাইস গুলো ব্যবহার করতে পারি। ডিভাইস গুলো তৈরি করতে মাত্র ২৫০০ টাকা খরচ হবে এই স্বল্প খরচে আমরা আমাদের বাড়িতে সাধারণ ভাবে নিরাপদ রাখতে পারি এবং অপচয় রোধ করতে পারি।

গাইড শিক্ষক: ওয়ারেছুল ইসলাম।

গ্রুপ:

১. রাসেল হাসান

২. মিজানুর রহমান

৩. সুমাইয়া আক্তার

৪. জাকির আহমেদ

৪আহানাফ শাকিল

প্রতিষ্ঠান: নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ।